

ইবির অধীন ফাজিল পরীক্ষা ২৬ জানুয়ারি

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

: শুক্রবার, ১৩ জানুয়ারী ২০২৩

শেষবারের মতো ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অধীন ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত ফাজিল স্নাতক (সম্মান) শ্রেণির চূড়ান্ত বর্ষের অনিয়মিত পরীক্ষা-২০১৯ শুরু হবে আগামী ২৬ জানুয়ারি। পরীক্ষা চলবে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রতিটি পরীক্ষা সকাল ১০টা থেকে ২টা পর্যন্ত চলবে।

শুক্রবার (১৩ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের উপ-রেজিস্ট্রার আব্দুর রশিদ এ তথ্য নিশ্চিত করেন।

জানা গেছে, এবারের পরীক্ষা রাজধানীর তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে এক সপ্তাহ আগে প্রবেশপত্র সংগ্রহ করতে বলা হয়েছে। এবার পরীক্ষায় অংশ নেবেন ৩৭ জন পরীক্ষার্থী। পূর্ণাঙ্গ সূচি ও নির্দেশনা ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আলী হাসান জানান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন এবারই শেষ পরীক্ষা। এরপর থেকে সকল কার্যক্রম ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় পরিচালনা করবে।